# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২০৪/২০১৭-১৮**

**ঢাকা, শনিবার, ২১ এপ্রিল ২০১৮, ৮ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা ইস্যুতে স্বাধীন তদন্ত দাবি করেছে কমনওয়েলথ

২। দক্ষিণ এশিয়ায় শান্তিপূর্ণ পরিবেশ তৈরিতে সহযোগিতা করতে চায় বাংলাদেশ : কমনওয়েলথ সম্মেলনের রিট্রিট সেশনে প্রধানমন্ত্রী

৩। কমনওয়েলথ সম্মেলনের ফাঁকে শেখ হাসিনা-মোদি বৈঠক

৪। যুক্তরাজ্যের রানি দ্বিতীয় এলিজাবেথের সঙ্গে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা বিনিময়

৫। উন্নত শিক্ষা পেলে অটিস্টিক শিশুরাও হবে সম্পদ : গণশিক্ষামন্ত্রী

৬। হালদা নদী থেকে রেকর্ড পরিমাণ মাছের ডিম সংগ্রহ

৭। রাজধানীতে মাদকবিরোধী অভিযানে গ্রেপ্তার ৬১

চলমান পাতা-২

১। **রোহিঙ্গা ইস্যুতে স্বাধীন তদন্ত দাবি করেছে কমনওয়েলথ**

২৫তম কমনওয়েলথ সম্মেলনের শেষ দিন গতকাল (২০ এপ্রিল শুক্রবার) গৃহীত যৌথ ইশতেহারে রোহিঙ্গা ইস্যুতে একটি সুনির্দিষ্ট প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে। এতে রোহিঙ্গাদের ওপর গণহারে মানবাধিকার লঙ্ঘনকারী অপরাধীদের স্বাধীন তদন্ত প্রক্রিয়ায় জবাবদিহিতার আওতায় আনার দাবি জানিয়েছে কমনওয়েলথ। জাতিসংঘের উদ্বাস্তু বিষয়ক সংস্থা ইউনাইটেড ন্যাশনস হাইকমিশন ফর রিফিউজির মাধ্যমে বাংলাদেশে আশ্রয় নেওয়া বাস্তুচ্যুত মিয়ানমারের রোহিঙ্গা নাগরিকদের টেকসই প্রত্যাবর্তনেরও আহ্বান জানান কমনওয়েলথ দেশগুলোর প্রধানরা। লন্ডনের স্থানীয় সময় গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে সাতটায় পররাষ্ট্র সচিব শহীদুল হক প্রেস ব্রিফিংকালে যৌথ ঘোষণার ৫০ অনুচ্ছেদে রোহিঙ্গা ইস্যুটি স্থান পাওয়ার কথা জানান। তিনি জানান, সমাপনী দিনে ৫৩টি দেশের রাষ্ট্র ও সরকার প্রধানরা নতুন কমনওয়েলথ গড়ার সর্বসম্মত অঙ্গীকার ব্যক্ত করেছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.৪)।

২। **দক্ষিণ এশিয়ায় শান্তিপূর্ণ পরিবেশ তৈরিতে সহযোগিতা করতে চায় বাংলাদেশ : কমনওয়েলথ সম্মেলনের রিট্রিট সেশনে প্রধানমন্ত্রী**

গতকাল (২০ এপ্রিল শুক্রবার) স্থানীয় সময় বিকেলে ব্রিটিশ রাজপ্রাসাদ উইন্ডসর ক্যাসেলে কমনওয়েলথভুক্ত দেশগুলোর সরকার প্রধানদের সম্মেলনে রিট্রিট সেশনে দেওয়া বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দক্ষিণ এশিয়ায় শান্তিপূর্ণ পরিবেশ তৈরির জন্য সংশ্লিষ্ট সবাইকে বাংলাদেশ সহযোগিতা করতে চায়। শান্তিপূর্ণ পরিবেশে আমরা যেন ভালো পড়শি হিসেবে পাশাপাশি থাকতে পারি এবং নিজেদের জনগণের কল্যাণে গঠনমূলক নীতি অনুযায়ী কাজ করতে পারি। সেশনের এজেন্ডা 'কমনওয়েলথ সচিবালয় পরিচালনা ও অর্থায়ন' বিষয়ে আলোচনায় প্রধানমন্ত্রী আরও বলেন, কমনওয়েলথভুক্ত দেশগুলোর স্বার্থে কাজ এগিয়ে নিতে সচিবালয়ের ভূমিকা গুরুত্বপূর্ণ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

৩। **কমনওয়েলথ সম্মেলনের ফাঁকে শেখ হাসিনা-মোদি বৈঠক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দ্বিপক্ষীয় বৈঠকে রোহিঙ্গা সমস্যা, তিস্তা চুক্তি ছাড়াও আঞ্চলিক অনেক বিষয় প্রাধান্য পেয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্র সচিব মো. শহীদুল হক। বৈঠক শেষে তিনি জানান, তিস্তাসহ দ্বিপক্ষীয় নানা বিষয় নিয়ে দুই নেতার মধ্যে আলোচনা হয়েছে। রোহিঙ্গা ইস্যুতে ভারতের অবস্থান এখন বাংলাদেশের অনেক কাছাকাছি। ভারত রোহিঙ্গাদের পুনর্বাসনেও সহযোগিতা করে যাচ্ছে। কমনওয়েলথ শীর্ষ সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি লন্ডনের ল্যাংকাস্টার হাউজে বৈঠকে মিলিত হয়ে দ্বিপক্ষীয় এসব বিষয় নিয়ে আলোচনা করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৬)।

৪। **যুক্তরাজ্যের রানি দ্বিতীয় এলিজাবেথের সঙ্গে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা বিনিময়**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৯ এপ্রিল বৃহস্পতিবার রাতে লন্ডনে বাকিংহাম প্যালেসে রানি দ্বিতীয় এলিজাবেথের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেছেন। প্রধানমন্ত্রী একই অনুষ্ঠানে প্রিন্স চার্লস'র সঙ্গেও শুভেচ্ছা বিনিময় করেন। পরে প্রধানমন্ত্রী কমনওয়েলথ দেশগুলোর অন্য সরকার প্রধান ও নেতাদের সঙ্গে রানির দেওয়া নৈশভোজে যোগ দেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহ্‌সানুল করিম গতকাল (২০ এপ্রিল শুক্রবার) এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **সমকাল, যুগান্তর, জনকণ্ঠ, ডেইলি স্টার, ডেইলি সান**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৫।　উন্নত শিক্ষা পেলে অটিস্টিক শিশুরাও হবে সম্পদ : গণশিক্ষামন্ত্রী**

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী এডভোকেট মোস্তাফিজুর রহমান বলেছেন, অটিস্টিক শিশুদের বিশেষ পদ্ধতিতে উন্নত শিক্ষার ব্যবস্থা করা গেলে তারা সম্পদে পরিণত হবে। তাই মূলধারার বিদ্যালয়গুলোতেই শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে গতকাল (২০ এপ্রিল শুক্রবার) শিল্পকলা একাডেমির নাট্যশালা প্লাজায় আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে গণশিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সোসাইটি ফর দ্য ওয়েলফেয়ার অভ্ অটিস্টিক চিলড্রেন (সোয়াক) এ সভার আয়োজন করে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮)।

**৬।　হালদা নদী থেকে রেকর্ড পরিমাণ মাছের ডিম সংগ্রহ**

চট্টগ্রামের হালদা নদীতে গত ১৯ এপ্রিল বৃহস্পতিবার গভীর রাতে ডিম ছেড়েছে মা মাছ। দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহৎ এই প্রাকৃতিক মৎস্যপ্রজনন কেন্দ্রে রাত আড়াইটা থেকে গতকাল (২০ এপ্রিল শুক্রবার) সকাল ৮টা পর্যন্ত তিনশ নৌকা নিয়ে প্রায় ছয় শতাধিক জেলে ও ডিম সংগ্রহকারী মাছের ডিম সংগ্রহ করেন। গত পাঁচ বছরের মধ্যে হালদা নদীতে মা মাছ সর্বোচ্চ পরিমাণে ডিম ছেড়েছে। প্রাথমিক তথ্যানুযায়ী এ বছর ২২ হাজার ৬৮০ কেজি ডিম সংগ্রহ করা হয়েছে। এবার হালদা নদী থেকে ড্রেজার, যান্ত্রিক নৌকা অপসারণ, ১৭টি বালুর মহাল বিলুপ্ত করা হয়। সরকার, হালদা রক্ষা কমিটি, স্থানীয় প্রশাসনসহ বিভিন্ন সংস্থা সার্বক্ষণিক নদী পর্যবেক্ষণে রাখায় এ বছর মা মাছ নির্বিঘ্নে রেকর্ড পরিমাণ ডিম ছেড়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.২)।

**৭।　রাজধানীতে মাদকবিরোধী অভিযানে গ্রেপ্তার ৬১**

রাজধানীতে মাদকবিরোধী অভিযান চালিয়ে মাদক ব্যবসা ও সেবনের দায়ে ৬১ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ ঘটনায় সংশ্লিষ্ট থানায় মাদকদ্রব্য আইনে ৪৪টি মামলা করা হয়েছে। ডিএমপির বিভিন্ন থানা ও গোয়েন্দা পুলিশ গত ২৪ ঘন্টায় নগরীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। ডিএমপি সূত্র জানায়, গত ১৯ এপ্রিল বৃহস্পতিবার সকাল ছয়টা থেকে শুরু করে শুক্রবার সকাল ছয়টা পর্যন্ত রাজধানীর বিভিন্ন থানা এলাকায় এসব অভিযান পরিচালিত হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** যুক্তরাজ্যভিত্তিক বিখ্যাত চিকিৎসা সাময়িকী ল্যানসেনের সাম্প্রতিক এক প্রতিবেদনে বাংলাদেশে আর্সেনিক দূষণের ঝুঁকিতে রয়েছে প্রায় সাড়ে তিন কোটি মানুষ এ খবরে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের প্রতিটি ধাপে চরম অব্যবস্থাপনা বিরাজ করছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল, সংবাদ, ডেইলি স্টার :** পাঁচ বছর পর সংযুক্ত আরব আমিরাতের শ্রমবাজার বাংলাদেশের জন্য খুলতে যাচ্ছে এ খবরে স্বস্তি প্রকাশ করে যেসব কারণে জনশক্তি রফতানি বন্ধ হয়ে গিয়েছিল তা এড়াতে সর্তক থাকার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** মিয়ানমার সীমান্ত দিয়ে ব্যাপক পরিমানে ইয়াবা পাচার হয়ে সারাদেশে ছড়িয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ফিনানশিয়ার এক্সপ্রেস :** সিলেটের সুরমা ও কুশিয়ারা নদীকে দখল ও দূষণ থেকে রক্ষার যথাযথ পদক্ষেপ কামনা।

চ. **নিউ নেশন, বণিক বার্তা :** চট্টগ্রামে একটি বেসরকারি ক্লিনিকে চিকিৎসাধীন মেয়েশিশুকে মৃত হিসেবে ঘোষণা করে এক মৃত ছেলে শিশুকে তাঁর বাবা-মার হাতে তুলে দেওয়ার ঘটনার নিন্দা জানিয়ে এ ঘটনার জন্য দায়ীদের শাস্তির পাশাপাশি সারাদেশে অনুমোদনহীন বেসরকারি হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

#

শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা